কিছু উদাহরণ:

আপনার বয়স ষাট বছরের বেশি এবং আপনি দুই বছর ধরে আপনার চাকরিতে আছেন। আপনি কয়েক বছর ধরে কয়েকবার বেতনবৃদ্ধি ও পদোন্নতি পেয়েছিলেন। একবার পদোন্নতি হওয়ার পর আপনিআবার আবেদন করেন। কয়েক সপ্তাহ পরে আপনার বস আপনাকে ফোন করে জানান যে তিনি অন্য কাউকে নিয়োগ করেছেন। তারপরে আপনি জানতে পারেন যে নতুন কর্মীটি যথেষ্ট কম বয়সী ও কম যোগ্যতাসম্পন্ন। এটা কি বেআইনি?

অল্পবয়সী, কম অভিজ্ঞ ব্যক্তিকে নিয়োগ করার সিদ্ধান্তের জন্য আপনার বয়স যদি একটি কারণ হয়, তাহলে তা বেআইনি।

আপনি ভাড়া নেয়ার জন্য একটি অ্যাপার্টমেন্ট খুঁজে পেয়েছেন। বাড়িওয়ালা আপনাকে বললেন যে আপনাকে দেখে "কম বয়সী" মনে হয়। তিনি তারপরে আপনার বয়স জানতে চান। আপনি যখন তাকে বলেন যে আপনার বয়স ত্রিশ বছর, তখন তিনি বললেন যে তিনি আরো "পরিণত" বয়সী কাউকে ভাড়া দিতে চান। আপনি অ্যাপার্টমেন্টটি পান নি। এটা কি বেআইনি?

যদি না অ্যাপার্টমেন্টটি একটি যথাযথভাবে নির্ধারিত সিনিয়র কমপ্লেক্সে হয়, তাহলে সম্ভাব্য ভাড়াটের বয়সের ভিত্তিতে কোনো অ্যাপার্টমেন্ট ভাড়া দিতে অস্বীকার করা বেআইনি।

আপনার নিয়োগকর্তা 100 জন কর্মীকে ছাঁটাই করেছে, যাদের মধ্যে সংখ্যাগরিষ্ঠ কর্মী রেখে দেওয়া কর্মীদের চেয়ে বেশি বয়সের। আপনি বয়স্ক কর্মীদের মধ্যে অন্যতম এবং বিশ্বাস করেন যে আপনার বয়সের ভিত্তিতে সিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এটা কি বেআইনি?

কাকে ছাঁটাই করা হবে সেই বিষয়ে নিয়োগকর্তার সিদ্ধান্তের ক্ষেত্রে বয়সের কোনো ভূমিকা থাকলে, এই কর্মীদের বরখাস্ত করা বৈষম্যমূলক হতে পারে।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট **WWW.DHR.NY.GOV** এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

বয়স সংক্রান্ত বৈষম্য

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Age Discrimination

বয়সের ভিত্তিতে বৈষম্য বেআইনি।

সচেতনতা প্রচার করা এবং নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের অধীনে প্রদত্ত সুরক্ষাগুলিকে ব্যাখ্যা করার জন্য এই নির্দেশিকাটি পরিকল্পনা করা হয়েছে।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের আওতাভুক্ত। এটি 18 বছর ও তার বেশি বয়সের ব্যক্তিদেরকে কর্মনিয়োগ, শিক্ষানবিস ও প্রশিক্ষণ কর্মসূচি, পদোন্নতি ও বরখাস্ত করার ক্ষেত্রে বয়সজনিত বৈষম্য থেকে সুরক্ষা দেয়।

এটা ঋণ দেওয়া, বাসস্থান এবং অ-সাম্প্রদায়িক, কর থেকে অব্যাহতিপ্রাপ্ত শিক্ষামূলক প্রতিষ্ঠানগুলিতে ভর্তি করার ক্ষেত্রে বয়সজনিত বৈষম্যকেও নিষিদ্ধ করে।

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন সর্বজনীন আবাসনের ক্ষেত্রে বয়সজনিত বৈষম্যকে নিষিদ্ধ করে না।

কর্মনিয়োগের ক্ষেত্রে আপনার অভিযোগের একটি প্রতিলিপিকে ইউএস ইকোয়াল এমপ্লয়মেন্ট অপারচুনিটি কমিশনের কাছে দ্বৈত দায়ের করার জন্য পাঠানোর অনুরোধ আপনি করতে পারেন, যা I967 সালের কর্মনিয়োগের ক্ষেত্রে বয়সজনিত বৈষম্য সংক্রান্ত কেন্দ্রীয় আইনকে (Federal Age Discrimination in Employment Act) বলবৎ করে। 20 জন বা তার বেশি মানুষের নিয়োগকর্তারা এই আইনের আওতায় আছেন এবং আইনটি 40 বছরের বেশি বয়সের মানুষদের সুরক্ষা দেয়।

কর্মনিয়োগ

একজন নিয়োগকর্তা কোনো কর্মীকে নিয়োগ করতে বা পদোন্নতি দিতে অস্বীকার করতে পারেন না, এবং বয়সের কারণে কোনো মানুষকে বরখাস্ত করতে পারেন না, এবং বয়স নির্বিশেষে, কর্মসংস্থানের একই নিয়ম ও শর্তাবলী অবশ্যই প্রদান করতে হবে, যার মধ্যে বেতনও অন্তর্ভুক্ত।

প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, বয়সের ক্ষেত্রে কোনো সীমাবদ্ধতা বা বৈষম্য প্রকাশ করে এমন কোনো অনুসন্ধান করা অথবা এমন কোনো অ্যাপ্লিকেশন ব্যবহার করা কোনো নিয়োগকর্তা বা নিয়োগকারী সংস্থার পক্ষে একটি বেআইনি বৈষম্যমূলক অনুশীলন। ডিভিশন সুপারিশ করে যে বয়সের প্রসঙ্গে কর্মনিয়োগ সংক্রান্ত অনুসন্ধানগুলিকে এই প্রশ্নটির মধ্যেই সীমিত রাখতে হবে, "আপনার বয়স কি 18 বছর বা তার বেশি?", যদি না কোনো সুনির্দিষ্ট অনুসন্ধানের জন্য প্রকৃত কারণ থাকে, যেমন লাইসেন্স দেওয়া।

কোনো ব্যক্তিকে বয়সের কারণে একটি শিক্ষানবিস কর্মসূচিতে প্রবেশ দিতে অস্বীকার করা যাবে না।

কোনো নিয়োগকর্তা বয়সের ভিত্তিতে পৃথক বরিষ্ঠতা, ছাঁটাই বা প্রত্যাহারের তালিকা তৈরি করতে পারবে না। বরিষ্ঠতা অবশ্যই নিয়োগের মেয়াদের ভিত্তিতে হতে হবে এবং বরিষ্ঠতা বা ছাঁটাইয়ের ক্ষেত্রে কোনো কর্মীর অবস্থা নির্ধারণের জন্য বয়সকে ভিত্তি হিসেবে ব্যবহার করা যায় না।

বয়সের কারণে কোনো ইউনিয়ন বা শ্রমিক সংগঠন দ্বারা বৈষম্য করা বেআইনি। বয়স যাই হোক না কেন, অন্য কর্মীদের মত একই ভিত্তিতে সুবিধা, পরিষেবা ও সদস্যতা অবশ্যই প্রদান করতে হবে।

সাধারণভাবে, মানবাধিকার আইনের অধীনে বাধ্যতামূলক অবসরগ্রহণ বেআইনি। তবে নীতিনির্ণায়ক উচ্চ পদের নির্দিষ্ট কিছু কার্যনির্বাহী ও ব্যক্তিদের ক্ষেত্রে, এছাড়াও নির্দিষ্ট কিছু পেশার মানুষদের ক্ষেত্রে ব্যতিক্রম আছে।

কর্মসংস্থান সংস্থাগুলি বয়সের কারণে বৈষম্য করতে পারে না। তারা অন্যান্য বয়সের শ্রেণীর গ্রাহকদের জন্য যেভাবে পরিষেবা দেয়, সেই একই ভিত্তিতে তাদেরকে 40 বছরের বেশি বয়সের মানুষদের জন্য পরিষেবা প্রদান করতে হবে, যেমন চাকরির রেফারাল।

বাসস্থান

সরকারী সহায়তাপ্রাপ্ত বা বেসরকারী আবাসনের যে কোনোটির ক্ষেত্রে, কোনো আবাসন বিক্রি করতে অথবা ভাড়া বা ইজারা দিতে অস্বীকার করা, কিংবা নিয়ম, শর্ত বা সুবিধাগুলিতে বৈষম্য করা বেআইনি। মালিক বসবাস করেন এমন দুই পরিবারের বাড়িগুলি আইনটি থেকে অব্যাহতিপ্রাপ্ত।

আইনটি 18 বছরের কম বয়সী শিশু আছে এমন পরিবারগুলি ছাড়াও গর্ভবতী বা শিশু দত্তক নেওয়া মানুষকেও বাসস্থান বিক্রি করা, ভাড়া বা ইজারা দেওয়ার ক্ষেত্রে বৈষম্য থেকে সুরক্ষা দেয়।

প্রবীণ মানুষের আবাসনের ক্ষেত্রে মানবাধিকার আইনে বয়স সংক্রান্ত নির্দিষ্ট কিছু অব্যাহতি আছে।

ঋণ

বয়সের কারণে ঋণের ক্ষেত্রে বৈষম্য করা বেআইনি।

কোনো ব্যাঙ্ক বা ঋণদাতা কোম্পানি বয়সের কারণে উচ্চ হারে সুদ আদায় করতে বা ঋণের মেয়াদকে ছোট করতে পারে না। আইনটি ঋণ মঞ্জুর করা এবং সুদের হার স্থির করা এবং ঋণের নিয়ম ও শর্তাবলীর ক্ষেত্রে বয়সের ভিত্তিতে বৈষম্য করাকে নিষিদ্ধ করেছে। যেখানে ঋণের যোগ্যতা নির্ধারণের সঙ্গে বয়সের একটি প্রমাণযোগ্য ও পরিসংখ্যানগতভাবে দৃঢ় সম্পর্ক আছে, সেখানে ঋণের যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে বয়সকে বিবেচনা করা বেআইনি নয়।

শিক্ষা

কোনো অ-সাম্প্রদায়িক, কর থেকে অব্যাহতিপ্রাপ্ত শিক্ষামূলক প্রতিষ্ঠান বয়সের ভিত্তিতে সুবিধাগুলিতে প্রবেশ করা ও তা ব্যবহার করার অনুমতি দিতে অস্বীকার করতে পারে না।